গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
মাঠ প্রশাসন-১ অধিশাখা
www.minland.gov.bd

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৪৬.০৯.০৪৯.১২.৯৮৭

তারিখ: ০৯ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ
২৪ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: একাদশ জাতীয় সংসদে 'ভূমি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি'র অনুষ্ঠিতব্য ৫ম বৈঠকের আলোচ্যসূচির জবাব প্রেরণ সংক্রান্ত।

সূত্র: (০১) ভূমি মন্ত্রণালয়ের পরিপত্র নম্বর: ৩১.০০.০০০০.৪৬.১৯.০১৮.১৫.১০৬ তারিখ: ১০/০২/২০১৯।
(০২) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৩৯.১০.০০২.১৮-২২৩ তারিখ: ১৮/১২/২০১৯।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ (০১) নম্বর স্মারকের (খ) অনুচ্ছেদে উল্লেখ রয়েছে "তিন বৎসরের অধিককাল কর্মরত কোন কর্মচারীকে কোন অবস্থাতেই একই কর্মস্থলে একই শাখায় পদায়ন না করা"। সূত্রোস্থ (০২) নম্বর স্মারকের মাধ্যমে প্রাপ্ত 'ভূমি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি'র ৪র্থ বৈঠকের ৫ নং সিদ্ধান্ত নিম্নরূপ:

ক্রমিক নং	গৃহীত সিদ্ধান্তসমূহ
৫।	সহকারী কমিশনার (ভূমি) অফিসের যেসকল কর্মচারির চাকুরিকাল ৩ (তিন) বৎসর অতিক্রম করেছে তাদেরকে দ্রুত বদলির ব্যবস্থা গ্রহণ করা।

০২। এমতাবস্থায়, উপরে উল্লিখিত সিদ্ধান্ত মোতাবেক সহকারী কমিশনার (ভূমি) অফিসের যে সকল কর্মচারির চাকরিকাল ৩ (তিন) বৎসর অতিক্রম করেছে তাদেরকে ২৯/১২/২০১৯ তারিখের মধ্যে বদলি/পদায়ন করে গৃহীত কার্যক্রম ৩০/১২/২০১৯ তারিখের মধ্যে sasadmin2@minland.gov.bd ই-মেইল যোগে ভূমি মন্ত্রণালয়ে তথ্যাদি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, ০১/০১/২০২০ তারিখে অনুষ্ঠেয় 'ভূমি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি'র বৈঠকে বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। বিধায় বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।

সংযুক্ত : বর্ণনামতে পাতা।

২৪/১২/১৯

(মোছাম্মাৎ মমতাজ বেগম)
উপসচিব
ফোন: ৯৫৪০১৭২
ই-মেইল: sasadmin2@minland.gov.bd

জেলা প্রশাসক
.... (সকল)।

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৪৬.০৯.০৪৯.১২.৯৮৭/৬৪(১১)

তারিখ: ০৯ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ
২৪ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

০১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ (বিষয়টি মনিটরিং করার অনুরোধসহ)।
০২। উপসচিব, কাউন্সিল ও সমন্বয় অধিশাখা, ভূমি মন্ত্রণালয় (বিষয়টি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো)।
০৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। অফিস কপি।

(মোছাম্মাৎ মমতাজ বেগম)
উপসচিব

E:\Rukon\Letter.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
অধিশাখা-২ (মাঠ প্রশাসন)
www.minland.gov.bd

নম্বর-৩১.০০.০০০০.০৪৬.১৯.০১৮.১৫. ১৫৬

তারিখ: ২৮ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ
১০ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

পরিপত্র

বিষয়: মাঠ পর্যায়ে রাজস্ব প্রশাসনে কর্মরত কর্মচারীদের বদলি সংক্রান্ত।

ভূমির বিষয়টি আমাদের জীবনের সঙ্গে ওতপ্রোতভাবে সংশ্লিষ্ট। ফলে ভূমি ব্যবস্থাপনা সুষ্ঠু, স্বচ্ছ ও জনবান্ধব হওয়া জরুরি। এ লক্ষ্যে সরকার ভূমি ব্যবস্থাপনার আধুনিকায়ন ও সেবা প্রদান পদ্ধতি সহজীকরনে বিভিন্ন পদক্ষেপ গ্রহন করেছে। সরকারি কর্মচারীগনের মাধমে এসব সেবা প্রদান করা হচ্ছে। লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় কর্মচারী একই কর্মস্থলে দীর্ঘদিন যাবৎ কর্মরত রয়েছেন। এতে কোন কোন কর্মচারীর বিভিন্ন অনিয়মের সঙ্গে জড়িয়ে পড়ার আশঙ্কা রয়েছে। উহা সুশাসন প্রতিষ্ঠার অন্যতম অন্তরায়।

০২। ব্যবস্থাপনা ও জরিপ (Management and Settlement) বিভাগে নিয়োজিত কর্মচারীদের একই পদ কিংবা একই কর্মস্থলে তিন বছর মেয়াদ পূর্ণ হলে বাস্তব অবস্থা বিবেচনায় সাধারণত অন্যত্র বদলি করার রেওয়াজ রয়েছে। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৮-০৭-২০১৫ তারিখের ০৪.০০.০০০০.৫১৩.৩৫.০৩৭.২০১৫-১৯১ নম্বর স্মারকে মাঠ পর্যায়ে একই পদে তিন বছরের অধিককাল যাবৎ নিয়োজিত কর্মচারীকে বাস্তব অবস্থাভেদে অন্যত্র বদলি করার নির্দেশনা রয়েছে। তাছাড়া, ভূমি মন্ত্রণালয়ের ২৫/০১/২০১৫ খ্রিস্টাব্দের ৩১.০০.০০০০.০৪৬.৬৮.০৫৯.১৪-৫৩ নম্বর পরিপত্রেও ৩ (তিন) বছরের অধিককাল একই কর্মস্থলে কর্মরত থাকা যাবে না মর্মে নির্দেশনা রয়েছে। এর পরেও মাঠ পর্যায়ে কোন কোন কর্মচারী বছরের পর বছর একই কর্মস্থলে অবস্থান করছেন যা কাম্য নয়।

০৩। এমতাবস্থায়, উপর্যুক্ত প্রেক্ষাপটে ইউনিয়ন, উপজেলা, জেলা ও বিভাগ পর্যায়ের ভূমি রাজস্ব প্রশাসন ও জরিপ অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ে কর্মরত কর্মচারীদেরকে একই পদ কিংবা কর্মস্থল হতে অন্যত্র বদলির ক্ষেত্রে নিম্নোল্লিখিত বিষয়গুলি অনুসরণ করার জন্য অনুরোধ করা হল:

ক) মাঠ পর্যায়ে ভূমি রাজস্ব প্রশাসন ও জরিপ বিভাগে কর্মরত কর্মচারীদের পর্যায়ক্রমে সকল বিষয়ে কাজ করার সুযোগ দেওয়া যেতে পারে;

খ) তিন বৎসরের অধিককালকর্মরত কোন কর্মচারীকেকোন অবস্থাতেই একই কর্মস্থলে একই শাখায় পদায়ন না করা;

গ) দুর্গম/ প্রতিকূল যোগাযোগসম্পন্ন এলাকায় কর্মরত কর্মচারীদের চাকরির মেয়াদ দুই বছর হলেই তাকে অন্যত্র বদলি করা যাবে;

ঘ) শারীরিক অসুস্থতা বা নৈতিক স্খলনজনিত বা সুনির্দিষ্ট/যুক্তিসঙ্গত কারণে নির্ধারিত সময়ের পূর্বে কোন কর্মচারীকে অন্যত্র/আন্ত:জেলা বদলি করা হলে জেলা প্রশাসক ক্ষেত্রমতে বিভাগীয় কমিশনার বদলির কারণ ৭ (সাত) কর্মদিবসের মধ্যে প্রতিবেদন আকারে ভূমি মন্ত্রণালয়ে দাখিল করবেন এবং

ঙ) জনস্বার্থে মন্ত্রণালয় যে কোন সময় যে কোন কর্মচারীকে বদলির ক্ষমতা সংরক্ষণ করে।

১০/০২/১৯
মোঃ মাকছুদুর রহমান পাটওয়ারী
ভারপ্রাপ্ত সচিব
ভূমি মন্ত্রণালয়
ফোন নম্বর:+৮৮-০২-৯৫৪৫১৩১
ফ্যাক্স নম্বর: ০২-৯৫৪০০২৫
ই-মেইল: secretary@minland.gov.bd

বিতরণ:

১। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা
৩। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার...................... (সকল)।
৫। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, নীলক্ষেত, ঢাকা।
৬। জেলা প্রশাসক............................ (সকল)।
৭। উপজেলা নির্বাহী অফিসার...................... (সকল)।
৮। সহকারী কমিশনার............................... (সকল)।